



রাজস্ব নিয়ে জনগণের বিভ্রান্তি দূর করাই চ্যালেঞ্জ: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

সরকার অপ্রয়োজনীয় খাতে ব্যয় কমানোর উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তবে যেসব খাতে ব্যয় করা জরুরি, সেসব ক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী অর্থ বরাদ্দ দেওয়া হবে বলে উল্লেখ করেন তিনি।

রবিবার (২৫ সেপ্টেম্বর) সকালে রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ‘রাজস্ব সম্মেলন-২০২৬’-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) যৌথভাবে এ সম্মেলনের আয়োজন করে। এতে এনবিআরের উর্ধ্বতন কর্মকর্তাসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা অংশ নেন।

প্রধানমন্ত্রী বলেন, রাজস্ব বিষয়ে জনগণের মধ্যে থাকা বিভ্রান্তি দূর করা একটি বড় চ্যালেঞ্জ। প্রত্যেকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করলে দেশে ইতিবাচক পরিবর্তন আনা সম্ভব বলেও মন্তব্য করেন তিনি।

সম্মেলনে রাজস্ব আহরণ বাড়ানো, কর ব্যবস্থাপনার কার্যকারিতা বৃদ্ধি এবং দেশের অর্থনীতির প্রয়োজন মেটাতে রাজস্বের সংস্থানসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে।